



প্রিমিয়ার ইউনিভার্সিটির গণিত বিভাগে আন্তর্জাতিক গণিত দিবস উদযাপন অনুষ্ঠানে বক্তব্য রাখছেন প্রধান অতিথি প্রফেসর ড. অনুপম সেন

প্রিমিয়ার ভার্সিটিতে আন্তর্জাতিক গণিত দিবস উদযাপন

আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী ও শিক্ষায় একুশে পদকপ্রাপ্ত প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেন, প্রযুক্তির ভিত্তি হলো বেসিক সায়েন্স। এই বেসিক সায়েন্সের অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় গণিত। বিশ্বকে ক্রমশ এগিয়ে নিতে হলে গণিতসহ বেসিক সায়েন্স চর্চার বিকল্প নেই। গতকাল ১৪ মার্চ নগরীর দামপাড়াস্থ প্রিমিয়ার ইউনিভার্সিটি ভবনে গণিত বিভাগে ইউনেস্কো ঘোষিত আন্তর্জাতিক গণিত দিবস উদযাপন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। তিনি 'শূন্য' সম্পর্কে বলেন, এই উপমহাদেশের গণিতবিদদের শূন্য আবিষ্কারের ফলে অনেক বড়ো বড়ো সংখ্যার লিখন ও পঠন একেবারে সহজ হয়ে যায়। গণিত বিভাগের চেয়ারম্যান ইফতেখার মনিরের সভাপতিত্বে ও সম্বলনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, প্রকৌশল ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাদ্দিক ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের চেয়ারম্যান প্রফেসর গণেশ চন্দ্র রায়। অনুষ্ঠানে 'ক্যারিয়ার গঠনে গণিত বিষয়ে পারদর্শিতাই হতে পারে সফলতার সহজ পন্থা' বিষয়ক বিতর্ক প্রতিযোগিতার পুরস্কার বিতরণ করা হয় ও বিভাগের শিক্ষার্থীদের তৈরি গণিত বিষয়ক বিভিন্ন মডেল প্রদর্শন করা হয়। প্রধান অতিথিসহ অন্য অতিথিবৃন্দ প্রদর্শনী দেখে সন্তোষ প্রকাশ করেন।-বিজ্ঞপ্তি

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে গণিত দিবস উদযাপন

আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী ও শিক্ষায় একুশে পদকপ্রাপ্ত প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেন, প্রযুক্তির ভিত্তি হলো বেসিক সায়েন্স। এই বেসিক সায়েন্সের অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় গণিত। বিশ্বকে ক্রমশ এগিয়ে নিতে হলে গণিতসহ বেসিক সায়েন্স চর্চার বিকল্প নেই। সোভিয়েত ইউনিয়ন যে দ্রুত এগিয়ে গিয়েছিল, তার কারণ, তারা গণিতসহ বেসিক সায়েন্সকে খুবই গুরুত্ব দিয়েছিল। তারা ক্লাস এইট থেকে শিক্ষার্থীদের ক্যালকুলাস শিক্ষা দিতে শুরু করেছিল, যেখানে আমেরিকায় ক্যালকুলাস শিক্ষা দেওয়া হতো ত্রয়োদশ শ্রেণি থেকে। আমেরিকা অর্থাৎ হলে দেখেছিল, গণিতকে গুরুত্ব দেওয়ার কারণে তাদের আগেই সোভিয়েত ইউনিয়ন মহাশূন্যে স্যাটেলাইট স্থাপন করতে সক্ষম হয়েছে, মহাকাশে মানুষ (ইউরিন গ্যাগারিন, ভ্যালেন্টিনা তেরেসকোভা) পাঠাতে পেরেছে।

গতকাল ১৪ মার্চ নগরীর দামপাড়াস্থ প্রিমিয়ার ইউনিভার্সিটি ভবনে গণিত বিভাগে ইউনেস্কো ঘোষিত আন্তর্জাতিক গণিত দিবস উদযাপন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। তিনি 'শূন্য' সম্পর্কে বলেন, এই উপমহাদেশের গণিতবিদদের শূন্য আবিষ্কারের ফলে অনেক বড়ো বড়ো সংখ্যার লিখন ও পঠন একেবারে সহজ হয়ে যায়। তিনি শিক্ষাকে এগিয়ে নেওয়ার জন্য ভাষা (লিটারেসি) ও গণিত (নিউমারেসি)-এর প্রয়োজনীয়তার উপর জোর দিয়ে বলেন, রোমান সাম্রাজ্যের সময়ে বিশ্বের নানা প্রান্ত থেকে লোকজন জ্ঞান অর্জনের জন্য এখানে প্লেটোর একাডেমিতে যেত। গণিতে যাদের আগ্রহ ও উৎসাহ নেই প্রেটো এই একাডেমিতে তাদের প্রবেশাধিকার নিষিদ্ধ করেছিলেন।

গণিত বিভাগের চেয়ারম্যান ইফতেখার মনিরের সভাপতিত্বে ও সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, প্রকৌশল ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের চেয়ারম্যান প্রফেসর গণেশ চন্দ্র রায়। ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক বলেন, সায়েন্সের বেসিক জিনিস হচ্ছে গণিত। গণিত-শিক্ষায় শিক্ষার্থীদের ভয় আছে। এই ভয়কে জয় করতে হবে। অনুষ্ঠানে 'কারিয়ার গঠনে গণিত বিষয়ে পারদর্শিতাই হতে পারে সফলতার সহজ পন্থা' বিষয়ক বিতর্ক প্রতিযোগিতার পুরস্কার বিতরণ করা হয় ও বিভাগের শিক্ষার্থীদের তৈরি গণিত বিষয়ক বিভিন্ন মডেল প্রদর্শন করা হয়। প্রধান অতিথিসহ অন্য অতিথিবৃন্দ প্রদর্শনী দেখে সন্তোষ প্রকাশ করেন। বিজ্ঞপ্তি



আন্তর্জাতিক গণিত দিবসের অনুষ্ঠানে বক্তব্য দেন প্রফেসর ড. অনুপম সেন